

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১২৮৯
আগরতলা, ১৭ জুলাই, ২০১৭

রাষ্ট্রপতি নির্বাচন : ত্রিপুরায় ভোট সম্পন্ন

আজ রাজ্যে শান্তিপূর্ণ পরিবেশে রাষ্ট্রপতি নির্বাচনের ভোট গ্রহণ পর্ব সমাপ্ত হয়। রাষ্ট্রপতি নির্বাচনের জন্য বিধানসভার লবিতে ভোট গ্রহণ কেন্দ্র করা হয়েছিল। নির্ধারিত সূচী অনুযায়ী সকাল ১০টা থেকেই ভোট গ্রহণ পর্ব শুরু হয়। বিধায়কগণ ১০টার আগে থেকেই ভোট দেবার লাইনে দাঁড়িয়ে পড়েন। বিধায়কদের মধ্যে প্রথম ভোটাটি দেন বিধায়ক সুধন দাস। দ্বিতীয় ভোটাটি দেন বিধায়ক বীরজিৎ সিনহা। এরপরেই ভোট দেন তথ্য ও সংস্কৃতি মন্ত্রী ভানুলাল সাহা। মুখ্যমন্ত্রী মানিক সরকার ভোট দেন সকাল ১১টা ১০ মিনিটে। বিধায়কদের মধ্যে শেষ ভোটাটি দেন বিধায়ক দিলীপ সরকার। রাজ্যে বিধানসভার ৬০ জন সদস্যের মধ্যে ৫৯ জন বিধায়ক রাজ্যে তাঁদের ভোটাধিকার প্রয়োগ করেন। বহিঃরাজ্যে অবস্থানরত রাজ্য বিধানসভার অধ্যক্ষ রমেন্দ্র চন্দ্র দেবনাথ পশ্চিমবঙ্গ বিধানসভায় তাঁর ভোটাধিকার প্রয়োগ করেছেন বলে বিধানসভার উপাধ্যক্ষ পবিত্র কর জানিয়েছেন।

D.N